

সময় নির্ধারিত

অতীব জরুরি

৬৪৭
১৪৮
২৬/৭/১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা মহাপরিচালকের দপ্তর	
প্রাপ্তি নং	
তারিখ:	
<input checked="" type="checkbox"/> পরিচালক	
<input type="checkbox"/> প্রকল্প পরিচালক	
<input type="checkbox"/> উপ-পরিচালক	
<input type="checkbox"/> সহকারী পরিচালক	
তারিখের মধ্যে নথিতে দিবেন/আলাপ করুন।	
<input checked="" type="checkbox"/> মহাপরিচালক	

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬৫.১৬.০৫৯.১৬.২৭২

তারিখ: ১ শ্রাবণ ১৪২৬
১৬ জুলাই ২০১৯

বিষয়: আন্তঃমন্ত্রণালয় দুর্যোগ ব্যবস্থাপনা সমন্বয় কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম গ্রহণ।


উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বিরাজমান বন্যা পরিস্থিতির পরিপ্রেক্ষিতে বিগত ১২ জুলাই ২০১৯ তারিখ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে অনুষ্ঠিত 'আন্তঃমন্ত্রণালয় দুর্যোগ ব্যবস্থাপনা সমন্বয় কমিটির সভায় এ বিভাগ কর্তৃক গৃহীত পদক্ষেপ সম্পর্কে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়কে অবহিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

- ২। এমতাবস্থায়, জরুরি ভিত্তিতে নিম্নোক্ত কার্যক্রমসমূহ গ্রহণপূর্বক গৃহীত ব্যবস্থা সম্পর্কে প্রতিবেদন আগামী ১৭ জুলাই ২০১৯ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল:
 - ১) বন্যা কবলিত এলাকার স্কুল-কলেজসমূহকে দুর্যোগকালীন আশ্রয় কেন্দ্র হিসেবে ব্যবহারের নিমিত্ত সকল প্রতিষ্ঠান প্রধান এবং জেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান;
 - ২) আশ্রয়কেন্দ্র উপযোগী কেন্দ্রের তালিকা আগামী ১৭ জুলাই ২০১৯ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ;
 - ৩) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে নিয়ন্ত্রণ কক্ষ স্থাপন (জেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণ দুর্যোগ পরিস্থিতি সময় সময় নিয়ন্ত্রণ কক্ষে অবহিত করবেন;
 - ৪) দুর্যোগ মোকাবিলায় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণের সাথে জেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণ সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করবেন।
- ৩। বিষয়টি অতি জরুরি।

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬৫.১৬.০৫৯.১৬.২৭২/১(২)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:



১৬-৭-২০১৯

মোঃ রাহেদ হোসেন

উপসচিব

ফোন: ৯৫৭৭০৯৭

ইমেইল: sas_s4@moedu.gov.bd

তারিখ: ১ শ্রাবণ ১৪২৬

১৬ জুলাই ২০১৯

- ১) সিনিয়র সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ২) সিনিয়র সচিব এর একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



১৬-৭-২০১৯

মোঃ রাহেদ হোসেন

উপসচিব



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

www.dshe.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.৯৯.০০১.১৫-১২১৫

তারিখ: ০২ শ্রাবণ ১৪২৬
১৬ জুলাই ২০১৯

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা,.....অঞ্চল.....।
(পত্রের মর্মানুযায়ী আগামী ১৭.০৭.২০১৯ তারিখের মাধ্য তথ্যাদি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)
- ০২। জেলা শিক্ষা অফিসার,.....।
(পত্রের মর্মানুযায়ী সংশ্লিষ্ট উপপরিচালকের নিকট তথ্যাদি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)
- ০৪। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার,.....।
(পত্রের মর্মানুযায়ী সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসারের নিকট তথ্যাদি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)
- ০৫। সংরক্ষণ নথি।



(মো. আমিনুল ইসলাম টুকু)
সহকারী পরিচালক (মাধ্যমিক-১)

☎ ৯৫৬১২৫৪।

e-mail: addshesecondary1@gmail.com